ত্রৈমাসিক বুলেটিন

# ডিপিডিসি বুলেটিন

বর্ষ: ০৩ | সংখ্যা : ১২ | চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ | মার্চ ২০২২ খ্রি.

## ডিপিডিসি-তে ডিজিটাল বাংলাদেশ দিবস উদ্‌যাপিত




ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)'র উদ্যোগে ডিজিটাল বাংলাদেশ দিবস-২০২১ উপলক্ষে গত ১২ ডিসেম্বর ২০২১ তারিখে বিদ্যুৎ ভবনের বিজয় হলে (লেভেল ১৪) ডিপিডিসি'র বিভিন্ন ডিজিটাল সার্ভিসের উপর দিনব্যাপী প্রদর্শনী আয়োজন করা হয়। ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী নসরুল হামিদ, এমপি এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ হাবিবুর রহমান, সচিব, বিদ্যুৎ বিভাগ ও চেয়ারম্যান, ডিপিডিসি পরিচালনা পর্ষদ।

প্রধান অতিথি তার বক্তব্যে ডিপিডিসি'র ডিজিটাল প্রদর্শনীর প্রশংসা করে বলেন, ডিজিটাল বাংলাদেশ মানে পরিবেশবান্ধব আধুনিক বাংলাদেশ গড়ে তোলা। যার জন্য সরকার প্রতিনিয়ত কাজ করে যাচ্ছে। তিনি উন্নত গ্রাহকসেবা নিশ্চিতকরণে ডিপিডিসি গৃহীত উদ্ভাবনী ও ডিজিটাল কার্যক্রমকে আরও এগিয়ে নেওয়ার উপর গুরুত্বারোপ করেন। বিশেষ অতিথির বক্তৃতায় মোঃ হাবিবুর রহমান, সচিব, বিদ্যুৎ বিভাগ ও চেয়ারম্যান, ডিপিডিসি পরিচালনা পর্ষদ বলেন, ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের মাধ্যমে সরাসরি গ্রাহকের সাথে সম্পর্ক জোরদার করতে হবে, এ জন্য তথ্য প্রযুক্তির দক্ষ ব্যবহার নিশ্চিত করতে হবে।

ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান তার বক্তব্যে বলেন ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের জন্য ডিপিডিসি প্রতিনিয়ত বিদ্যুৎ ব্যবস্থার আধুনিকায়ন, গ্রাহকসেবার উৎকর্ষ ও অভ্যন্তরীণ ব্যবস্থাপনার উন্নয়নে কাজ করে যাচ্ছে। ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২১ পালনের অংশ হিসেবে গত ০৯ ডিসেম্বর ডিপিডিসি'র সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীর অংশগ্রহণে একটি অনলাইন কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়। কুইজ প্রতিযাগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার প্রদান করেন প্রধান অতিথি বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী নসরুল হামিদ, এমপি। উদ্বোধনী অনুষ্ঠানের পর প্রধান অতিথি ও অন্যান্য অতিথিবৃন্দ বিভিন্ন স্টল পরিদর্শন করে ডিপিডিসি'র ডিজিটাল কার্যক্রম প্রত্যক্ষ করেন। এসময় মাননীয় মন্ত্রী ও অন্যান্য অতিথিরা ডিপিডিসি'র ডিজিটাল কার্যক্রমের বিষয়ে সন্তোষ প্রকাশ করেন।

অনুষ্ঠানে বিদ্যুৎ বিভাগের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, বিদ্যুৎ বিভাগের আওতাধীন বিভিন্ন সংস্থাপ্রধানগণ, দোকান মালিক সমিতি, বাংলাদেশ স্টিল ম্যানুফ্যাকচারিং এসোসিয়েশনের প্রতিনিধিসহ বিভিন্ন পর্যায়ের গ্রাহকবৃন্দ উপস্থিত ছিলেন। এছাড়াও সংযুক্ত ছিলেন ডিপিডিসি'র কর্মকর্তাবৃন্দ, সাংবাদিকবৃন্দ এবং অনলাইনে অনুষ্ঠানটি ফেসবুক লাইভের মাধ্যমে সম্প্রচার করা হয়।




**মহান বিজয়ের সুবর্ণজয়ন্তী ও মুজিব বর্ষে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক শপথ বাক্য পাঠের অনুষ্ঠানে ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ানের নেতৃত্বে ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) এর কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণ।**

# বাংলাদেশে প্রথম বিদ্যুতের আলোর সূচনা উদ্‌যাপন উপলক্ষে আলোচনা সভা

বাংলাদেশের বিদ্যুতায়নের ইতিহাসে ০৭ ডিসেম্বর এক স্মরনীয় দিন। ১৯০১ সালের ০৭ ডিসেম্বর তারিখে ঢাকার নবাব বাড়ি আহসান মঞ্জিলে প্রথমবারের মতো জ্বলে উঠে বিদ্যুতের বাতি, যার মাধ্যমে বাংলাদেশে বিদ্যুতায়নের সূচনা হয়। ঐতিহাসিক এই দিবসটিকে স্মরণ করে ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)'র উদ্যোগে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

ডিপিডিসি'র সম্মেলন কক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান এবং সভাপতিত্ব করেন নির্বাহী পরিচালক (আইসিটি এন্ড প্রকিউরমেন্ট) আবদুল্লাহ নোমান। অনুষ্ঠানের শুরুতে বাংলাদেশে বিদ্যুতায়নের ইতিহাস ও এর অগ্রগতি বিষয়ে একটি ভিডিও ডকুমেন্টারি প্রদর্শন করা হয়।

ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক তার বক্তব্যে বলেন, ঢাকা শহরের গ্রাহকদের নিরবচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ এবং উন্নত সেবা প্রদানের লক্ষ্যে ডিপিডিসি কাজ করে যাচ্ছে। তিনি আরো বলেন ১৯০১ সালের ০৭ ডিসেম্বর বাংলাদেশে বিদ্যুতায়নের যে যাত্রা শুরু হয়েছিল তারই ধারাবাহিকতায় বাংলাদেশ এখন শতভাগ বিদ্যুতায়ন নিশ্চিতের দ্বারপ্রান্তে। তিনি ডিপিডিসি'র সকল কর্মকর্তা-কর্মচারীকে মানসম্মত বিদ্যুৎ সরবারহ ও গ্রাহক সন্তুষ্টি অর্জনে সচেষ্ট থাকতে নির্দেশনা প্রদান করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডিপিডিসি'র নির্বাহী পরিচালক (অর্থ) মোঃ গোলাম মোস্তফা এবং নির্বাহী পরিচালক (প্রকৌশল) মোঃ গিয়াস উদ্দিন জোয়ার্দার।

ডিপিডিসি'র উপ-মহাব্যবস্থাপক (এইচ আর) পাবলিক রিলেশন্স মোঃ শামীমুল হক এর সঞ্চালনায় অনুষ্ঠিত এই সভায় ডিপিডিসি'র সকল পর্যায়ের কর্মকর্তাবৃন্দ ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।



# ডিপিডিসি ও এনকেসফট কর্পোরেশন, ইউএসএ এর মধ্যে চুক্তি স্বাক্ষর



ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)'র আওতাধীন পাঁচটি ৩৩/১১ কেভি উপকেন্দ্রে পাইলট ভিত্তিতে স্মার্ট গ্রিড বাস্তবায়নের লক্ষ্যে ডিপিডিসি ও পরামর্শক প্রতিষ্ঠান এনকেসফট কর্পোরেশন, ইউএসএ এর মধ্যে একটি চুক্তি স্বাক্ষর হয়েছে। গত ২৩ নভেম্বর ২০২১ তারিখে ডিপিডিসি'র প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত অনুষ্ঠানে ডিপিডিসি ও এনকেসফট কর্পোরেশন এর পক্ষে যথাক্রমে ডিপিডিসি এর কোম্পানি সচিব মোঃ আসাদুজ্জামান এবং এনকেসফট কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক সাখাওয়াত চৌধুরী চুক্তিতে স্বাক্ষর করেন।

মার্কিন যুক্তরাষ্ট্র ভিত্তিক পরামর্শক প্রতিষ্ঠান একেসফট কর্পোরেশন পাইলট প্রকল্পটি ৩০ মাসে বাস্তবায়ন করবে যার প্রস্তাবিত ব্যয় ধরা হয়েছে প্রায় ২.০৭ মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্পটির অর্থায়ন করছে ফরাসী দাতা সংস্থা এএফডি।

দেশের বিদ্যুৎ বিতরণ ব্যবস্থাকে স্মার্ট গ্রিডের আওতায় আনার ক্ষেত্রে এই প্রকল্পটি অগ্রণী ভূমিকা পালন করবে। ডিপিডিসি-ই বাংলাদেশে প্রথম এই ধরনের প্রকল্পের বাস্তবায়ন করতে যাচ্ছে। এই পাইলট প্রকল্পটির আওতায় সাতমসজিদ ৩৩/১১ কেভি, জিগাতলা ৩৩/১১ কেভি, গ্রিনরোড ৩৩/১১ কেভি, আসাদগেট ৩৩/১১ কেভি, লালমাটিয়া ৩৩/১১ এই ৫টি উপকেন্দ্র নিয়ে কাজ করা হবে। এর মাধ্যমে বিদ্যুৎ বিতরণ ব্যবস্থায় ডিস্ট্রিবিউশন ম্যানেজমেন্ট, আওটেজ ম্যানেজমেন্ট, এসেট ম্যানেজমেন্ট, পাওয়ার ট্রান্সফরমার মনিটরিং, ডিস্ট্রিবিউশন ট্রান্সফরমার মনিটরিং ব্যবস্থা স্বয়ংক্রিয় হবে। প্রকল্পটি বাস্তবায়িত হলে ডিপিডিসি'র স্মার্ট গ্রিড আওতাধীন এলাকাকে রিমোটলি পরিচালনা করা সম্ভব হবে। অনুষ্ঠানে ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান, সকল নির্বাহী পরিচালক ও অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এবং পরামর্শক প্রতিষ্ঠান এনকেসফটের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

# আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে কেন্দ্রীয় শহীদ মিনারে ডিপিডিসি'র শ্রদ্ধাঞ্জলি




ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ানের নেতৃত্বে একুশে ফেব্রুয়ারি মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করে ভাষাশহীদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)'র কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

# ডিপিডিসি'র উদ্যোগে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালন



হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে গত ১০ জানুয়ারি ডিপিডিসি'র প্রধান কার্যালয়ে স্থাপিত বঙ্গবন্ধু কর্নারে জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন।



# ডিপিডিসি'র উদ্যোগে ইংরেজি নববর্ষ উদযাপন

ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)'র প্রধান কার্যালয়ে সম্মেলন কক্ষে কেক কেটে খ্রিস্টীয় ২০২২ সালকে স্বাগত জানানো হয়। বর্ষবরণ অনুষ্ঠানে ডিপিডিসি'র উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান ডিপিডিসি'র সকল কর্মকর্তা-কর্মচারীগণকে নতুন বছরের শুভেচ্ছা জানিয়ে সকলকে ভেদাভেদ ভুলে একযোগে কাজ করার আহ্বান জানান।

তিনি নতুন বছরে ডিপিডিসি'র সকল কর্মকর্তা কর্মচারীকে শুভেচ্ছা জ্ঞাপন করেন।







# বিদ্যুৎ স্পৃষ্টে আহত ব্যক্তিকে ডিপিডিসি'র অনুদান প্রদান



ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)'র পক্ষ থেকে বিদ্যুৎ স্পৃষ্টে আহত মোঃ ইমাম হোসেন এর চিকিৎসা ব্যয় বাবদ এক লক্ষ পঞ্চাশ হাজার টাকা অনুদান হিসেবে প্রদান করা হয়। ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান অনুদানের চেক ক্ষতিগ্রস্থ পরিবারকে হস্তান্তর করেন।



# ডিপিডিসি'র ১ম আন্ডারগ্রাউন্ড নেটওয়ার্কে বিদ্যুৎ সরবরাহের সূচনা



রাজধানী ঢাকা এবং নারায়ণগঞ্জ এলাকায় বিদ্যুৎ বিতরণের লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)। ঢাকা শহরের বাসিন্দাদের অধিকতর নির্ভরযোগ্য ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সুবিধা প্রদানের লক্ষ্যে "পাওয়ার ডিস্ট্রিবিউশন সিস্টেম ডেভেলপমেন্ট প্রজেক্ট আন্ডার ডিপিডিসি এরিয়া" শীর্ষক প্রকল্পের আওতায় বঙ্গভবন থেকে জাহাঙ্গীরগেট এবং গাবতলী থেকে আজিমপুর পর্যন্ত বিদ্যমান ওভারহেড বিদ্যুৎ বিতরণ লাইনকে আন্ডারগ্রাউন্ড লাইনে রূপান্তর করা হবে।

আন্ডারগ্রাউন্ড নেটওয়ার্কিং কাজ বাস্তবায়নের প্রথম পর্যায়ে পহেলা জানুয়ারি বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল আঙ্গিনায় ০২ টি ১১ কেভি Ring Main Unit (RMU) চালু করা হয়েছে যেখানে ডিপিডিসি'র মণিপুরী পাড়া ৩৩/১১ কেভি উপকেন্দ্র হতে ১১ কেভি আন্ডারগ্রাউন্ড ক্যাবলের মাধ্যমে সংযোগ প্রদান করা হয়েছে। আন্ডারগ্রাউন্ড নেটওয়ার্ক কাজের প্রথম পর্যায়ে Ring Main Unit (RMU) চালুর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান। প্রকল্পের আওতায় বঙ্গভবন থেকে জাহাঙ্গীরগেট ১৯ কি.মি. প্রধান সড়কের উভয় পার্শ্বে এবং গাবতলী থেকে আজিমপুর পর্যন্ত ১০ কি.মি. প্রধান সড়কের উভয় পার্শ্বে ওভারহেড বিতরণ নেটওয়ার্ক আন্ডারগ্রাউন্ড বিতরণ নেটওয়ার্কে রূপান্তরের জন্য Kiosk ট্রান্সফরমার, Ring Main Unit (RMU), Low Tension Distribution Box (LTDB) স্থাপন করা হবে।

প্রকল্পের ১ম পর্যায়ে জাহাঙ্গীরগেট হতে ফার্মগেট পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বে ক্যাবল স্থাপনের করা হবে। জাহাঙ্গীরগেট হতে ফার্মগেট পর্যন্ত ২২ টি RMU, ১৯ টি LTDB এবং ৪ টি Kiosk ট্রান্সফরমার স্থাপন করা হবে। এই কাজ বাস্তবায়নে ডিপিডিসি'র প্রায় ৩০০ কোটি টাকা ব্যয় হবে। কাজটি চীনের ঠিকাদারী প্রতিষ্ঠান JV of CNTIC and SPTTC এর মাধ্যমে বাস্তবায়ন করা হচ্ছে। আন্ডারগ্রাউন্ড কাজ বাস্তবায়নের ফলে প্রকল্পটি বাস্তবায়িত হলে বিদ্যুৎ সরবরাহ অধিকতর নিরবচ্ছিন্ন হবে। এছাড়াও শহরের সৌন্দর্য বৃদ্ধি পাবে।

অনুষ্ঠানে ডিপিডিসি'র নির্বাহী পরিচালক, প্রধান প্রকৌশলী এবং প্রকল্প পরিচালকসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।






ডিপিডিসি বুলেটিনে ডিপিডিসি'র বিভিন্ন অনুষ্ঠানের খবর ও ছবি নিয়মিতভাবে প্রকাশিত হচ্ছে। ভবিষ্যতে অনুষ্ঠিতব্য অনুষ্ঠানের খবর ও ছবি ডিজিএম (পাবলিক রিলেশন্স) দপ্তরে হার্ডকপি এবং ডিপিডিসি'র নিম্নোক্ত ই-মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
dgmhrpr@dpdc.org.bd

# মহান বিজয় দিবসে জাতীয় স্মৃতিসৌধে ডিপিডিসি'র শ্রদ্ধাঞ্জলি



মহান বিজয় দিবসে সকল বীর শহীদ ও বীর মুক্তিযোদ্ধাদের প্রতি ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)'র পক্ষ হতে শ্রদ্ধাঞ্জলি

# মেধাবী মুখ

## ২০২২ সালের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ডিপিডিসি'র এমপ্লয়িগণের সন্তানদের সাফল্য



**নাফিসা তাসনিম স্নেহা,** আইডিয়াল স্কুল এন্ড কলেজ থেকে মাধ্যমিক পরীক্ষায় জিপিএ ৫.০০ পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছেন। তিনি ডিপিডিসি'র ডিজিএম (আইসিটি), রেভিনিউ দপ্তরে কর্মরত সহকারী ব্যবস্থাপক (আইসিটি) জনাব মোহাম্মদ জসীম উদ্দিনের কন্যা। ডিপিডিসি পরিবারের পক্ষ হতে নাফিসা তাসনিম স্নেহা-কে অভিনন্দন।



**ফাহমিদা ফারিহাত তাসফিয়া,** ওয়াইডবিউসিএ উচ্চ মাধ্যমিক বালিকা বিদ্যালয় থেকে মাধ্যমিক পরীক্ষায় জিপিএ ৫.০০ পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছেন। তিনি ডিপিডিসি'র কোম্পানি সচিবালয়-এ কর্মরত ডেপুটি ম্যানেজার (অর্থ) জনাব মোঃ ফোরকান উদ্দিনের কন্যা। ডিপিডিসি পরিবারের পক্ষ হতে ফাহমিদা ফারিহাত তাসফিয়া-কে অভিনন্দন।



**মোঃ রেজবি আহমে রুমি,** উত্তরা রাজউক মডেল কলেজ থেকে মাধ্যমিক পরীক্ষায় জিপিএ ৫.০০ পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছেন। তিনি ডিপিডিসি'র এনওসিএস মগবাজার দপ্তরে কর্মরত অফিস সহায়ক জনাব মোঃ ছালাউদ্দিন ফকিরের ছেলে। ডিপিডিসি পরিবারের পক্ষ হতে মোঃ রেজবি আহমেদ রুমি-কে অভিনন্দন।



**সাদ্‌মান তানজিম হোসেন,** উইলস লিটল ফ্লাওয়ার স্কুল এন্ড কলেজ থেকে মাধ্যমিক পরীক্ষায় জিপিএ ৫.০০ পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছেন। তিনি ডিপিডিসি'র চীফ মেডিকেল অফিসার জনাব ডাঃ শেখ মঈনুল হোসেনের ছেলে। ডিপিডিসি পরিবারের পক্ষ হতে সাদ্‌মান তানজিম হোসেন-কে অভিনন্দন।



**মোসাম্মাৎ নূজহাত আমিন আর্পি,** ন্যাশনাল আইডিয়াল স্কুল থেকে মাধ্যমিক পরীক্ষায় জিপিএ ৫.০০ পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছেন। তিনি ডিপিডিসি'র ডিজিএম (অর্থ), ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট এন্ড একাউন্টিং দপ্তরে কর্মরত হিসাব রক্ষক জনাব মোঃ রুহুল আমিনের কন্যা। ডিপিডিসি পরিবারের পক্ষ হতে মোসাম্মাৎ নূজহাত আমিন আর্পি-কে অভিনন্দন।



**সাবিরা তানজীম সারা,** বি.এ.এফ শাহীন কলেজ, কুর্মিটোলা থেকে মাধ্যমিক পরীক্ষায় জিপিএ ৫.০০ পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছেন। তিনি ডিপিডিসি'র ডিজিএম (এইচ আর) সিকিউরিটি দপ্তর-এ কর্মরত জুনিয়র এসিস্ট্যান্ট ম্যানেজার জনাব আব্দুল্লাহ আল মামুনের কন্যা। ডিপিডিসি পরিবারের পক্ষ হতে ফাহমিদা সাবিরা তানজীম সারা-কে অভিনন্দন।



**মোহাম্মদ নাফিস হায়দার,** মোহাম্মাদপুর প্রিপারেটরী কলেজ স্কুল এন্ড কলেজ থেকে মাধ্যমিক পরীক্ষায় জিপিএ ৫.০০ পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছেন। তিনি ডিপিডিসি'র ডিজিএম (ফিন্যান্স), এসেট ম্যানেজমেন্ট এন্ড স্টোর একাউন্টিং জনাব মোহাম্মদ হায়দার আলীর ছেলে। ডিপিডিসি পরিবারের পক্ষ হতে মোহাম্মদ নাফিস হায়দার-কে অভিনন্দন।



**ইশরাত জাহান অরণী,** সেন্ট্রাল গার্লস হাই স্কুল, পাবনা থেকে মাধ্যমিক পরীক্ষায় জিপিএ ৫.০০ পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছেন। তিনি ডিপিডিসি'র ডিজিএম (এইচ আর) সিকিউরিটি দপ্তর-এ কর্মরত সিকিউরিটি সুপারভাইজার জনাব মোঃ জাহাঙ্গীর আলমের কন্যা। ডিপিডিসি পরিবারের পক্ষ হতে ইশরাত জাহান অরণী-কে অভিনন্দন।



**মোছাঃ সামিয়া রহমান বন্যা,** সাভার সেনা পাবলিক স্কুল এন্ড কলেজ থেকে মাধ্যমিক পরীক্ষায় জিপিএ ৫.০০ পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছেন। তিনি ডিপিডিসি'র কোম্পানি সচিবালয়-এ কর্মরত সিকিউরিটি সুপারভাইজার জনাব মোঃ আলিয়ার রহমানের কন্যা। ডিপিডিসি পরিবারের পক্ষ হতে মোছাঃ সামিয়া রহমান বন্যা-কে অভিনন্দন।



**হুমায়রা সিদ্দিকা,** বি.এ.এফ শাহীন কলেজ, কুর্মিটোলা থেকে মাধ্যমিক পরীক্ষায় জিপিএ ৫.০০ পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছেন। তিনি ডিপিডিসি'র ডিজিএম (এইচ আর) সিকিউরিটি দপ্তর-এ কর্মরত সিকিউরিটি সুপারভাইজার জনাব মোঃ রকিব উদ্দিন গাজীর কন্যা। ডিপিডিসি পরিবারের পক্ষ হতে হুমায়রা সিদ্দিকা-কে অভিনন্দন।



**ইশরাত জাহান রাফা,** বাংলাদেশ নৌবাহিনী স্কুল এন্ড কলেজ, খুলনা থেকে মাধ্যমিক পরীক্ষায় জিপিএ ৫.০০ পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছেন। তিনি ডিপিডিসি'র ডিজিএম (এইচ আর) সিকিউরিটি দপ্তর-এ কর্মরত সিকিউরিটি সুপারভাইজার জনাব মোঃ ইসমাইল হোসেনের কন্যা। ডিপিডিসি পরিবারের পক্ষ হতে ইশরাত জাহান রাফা-কে অভিনন্দন।



**মুনতাসির মাহবুব,** বি.এ.এফ শাহীন কলেজ, কুর্মিটোলা থেকে মাধ্যমিক পরীক্ষায় জিপিএ ৫.০০ পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছেন। তিনি ডিপিডিসি'র ডিজিএম (এইচ আর) সিকিউরিটি দপ্তর-এ কর্মরত সিকিউরিটি সুপারভাইজার জনাব মাহবুব আলমের ছেলে। ডিপিডিসি পরিবারের পক্ষ হতে মুনতাসির মাহবুব-কে অভিনন্দন।



**আদিবা রাইসা তাহিয়া,** ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল এন্ড কলেজ থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় জিপিএ ৫.০০ পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছেন। তিনি ডিপিডিসি'র ইএসপিএসএন (জিটুজি) প্রজেক্টে কর্মরত তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব মোঃ শাহজাহান আলীর কন্যা। ডিপিডিসি পরিবারের পক্ষ হতে আদিবা রাইসা তাহিয়া-কে অভিনন্দন।



**সুব্রিয়া ইসলাম শ্রাবণী,** শহীদ পুলিশ স্মৃতি কলেজ থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় জিপিএ ৫.০০ পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছেন। তিনি ডিপিডিসি'র এনওসিএস কামরাঙ্গীরচর দপ্তরে কর্মরত লাইনম্যান জনাব মোঃ সাইফুল ইসলামের কন্যা। ডিপিডিসি পরিবারের পক্ষ হতে সুব্রিয়া ইসলাম শ্রবণী-কে অভিনন্দন।



**মোঃ আদিব হাসান জয়,** বিএএফ শাহীন কলেজ থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় জিপিএ ৫.০০ পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছেন। তিনি ডিপিডিসি'র এনওসিএস মগবাজার দপ্তরে কর্মরত সিএস জনাব মোঃ আব্দুর রহমানের ছেলে। ডিপিডিসি পরিবারের পক্ষ হতে মোঃ আদিব হাসান জয়-কে অভিনন্দন।



**তাসমিমা হোসেন জেবা,** মোহাম্মাদপুর প্রিপারেটরী কলেজ থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় জিপিএ ৫.০০ পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছেন। তিনি ডিপিডিসি'র এনওসিএস জিগাতলা দপ্তরে কর্মরত বিল সুপারভাইজার জনাব মো: জুলফিকার হোসেন পাটোয়ারীর কন্যা। ডিপিডিসি পরিবারের পক্ষ হতে তাসমিমা হোসেন জেবা-কে অভিনন্দন।



**নাসিফ ফয়সাল,** বীরশ্রেষ্ঠ নুর মোহাম্মদ পাবলিক কলেজ থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় জিপিএ ৫.০০ পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছেন। তিনি ডিপিডিসি'র এনওসিএস জিগাতলা দপ্তরে কর্মরত নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ মোজাফ্ফর হোসেনের ছেলে। ডিপিডিসি পরিবারের পক্ষ হতে নাসিফ ফয়সাল-কে অভিনন্দন।



**শাহ্ মোহাম্মদ আকিব মাহদী,** ড. মাহবুবুর রহমান মোল্লা কলেজ থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় জিপিএ ৫.০০ পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছেন। তিনি ডিপিডিসি'র এনওসিএস ডেমরা দপ্তরে কর্মরত অফিস সহায়ক কাম কম্পিউটার অপারেটর জনাব মোঃ মফিজুল হক শাহের ছেলে। ডিপিডিসি পরিবারের পক্ষ হতে শাহ্ মোহাম্মদ আকিব মাহদী-কে অভিনন্দন।



**মোঃ এফ এ রায়াত,** ঢাকা কমার্স কলেজ থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় জিপিএ ৫.০০ পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছেন। তিনি ডিপিডিসি'র ডিজিএম, ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট এন্ড একাউন্টিং দপ্তরে কর্মরত এসএএ জনাব মোঃ রমজান আলীর ছেলে। ডিপিডিসি পরিবারের পক্ষ হতে মোঃ এফ এ রায়াত-কে অভিনন্দন।



**ফারহা্ দিবা,** সিদ্ধেশ্বরী গার্লস কলেজ থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় জিপিএ ৫.০০ পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছেন। তিনি ডিপিডিসি'র প্রধান প্রকৌশলী, এনওসিএস (সেন্ট্রাল) দপ্তরে কর্মরত ম্যানেজার (ফিন্যান্স) জনাব মোঃ ফারুক সিদ্দিকের কন্যা। ডিপিডিসি পরিবারের পক্ষ হতে ফারহা্ দিবা-কে অভিনন্দন।



**মোছাঃ কানিজ তাসনোভা রহমান নিশাত,** বীরশ্রেষ্ঠ মুন্সি আব্দুর রউফ পাবলিক কলেজ থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় জিপিএ ৫.০০ পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছেন। তিনি ডিপিডিসি'র এনওসিএস কামরাঙ্গীরচর দপ্তরে কর্মরত একাউন্টস এসিস্ট্যান্ট জনাব মোছাঃ লাইলী খাতুনের কন্যা। ডিপিডিসি পরিবারের পক্ষ হতে মোছাঃ কানিজ তাসনোভা রহমান নিশাত-কে অভিনন্দন।



**ইবনে সিনা তানভির,** ঢাকা সিটি কলেজ থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় জিপিএ ৫.০০ পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছেন। তিনি ডিপিডিসি'র চীফ মেডিকেল অফিসার এর দপ্তরে কর্মরত মেডিকেল এসিসট্যান্ট জনাব এ বি এম নূর উদ্দনীনের ছেলে। ডিপিডিসি পরিবারের পক্ষ হতে ইবনে সিনা তানভির-কে অভিনন্দন।



## ডিপিডিসি কর্তৃক অবৈধ বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নকরণ



অবৈধ বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নকরণে এনওসিএস নারিন্দা দপ্তর কর্তৃক পরিচালিত অভিযান

# ডিপিডিসি'র ১৬তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত




ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)'র ১৬তম বার্ষিক সাধারণ সভা গত ১৩ জানুয়ারি ২০২২ খ্রি. তারিখে ডিপিডিসি'র সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ডিপিডিসি'র পরিচালনা পর্ষদের চেয়ারম্যান ও বিদ্যুৎ বিভাগের সচিব মোঃ হাবিবুর রহমান।

সভায় ডিপিডিসি'র পরিচালনা পর্ষদের সকল পরিচালকবৃন্দ, শেয়ারহোল্ডারগণ এবং ডিপিডিসি'র ঊর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

বার্ষিক সাধারণ সভায় ২০২০-২১ অর্থ বৎসরের লাভ ক্ষতির হিসাব স্থিতিপত্র, ২০২০-২১ অর্থ বৎসরের বহিঃনিরীক্ষা প্রতিবেদন ও পরিচালকবৃন্দের প্রতিবেদন উপস্থাপন এবং অনুমোদন করা হয়। এছাড়াও সভায় আগামী ৩০ জুন, ২০২২ খ্রি. তারিখে সমাপ্ত অর্থ বৎসরের জন্য কোম্পানির বহিঃনিরীক্ষক নিয়োগ ও পারিতোষিক নির্ধারণ করা হয়। ডিপিডিসি'র ২০২০-২০২১ অর্থবছরে কর পরবর্তী নিট মুনাফা ১০৭.৬৪ কোটি টাকা ২০২০-২১ অর্থবছরে কোম্পানির অর্জিত মুনাফার বিষয়ে শেয়ারহোল্ডার ও পরিচালকবৃন্দ সন্তেষ প্রকাশ করেন।

# ডিপিডিসি ও ভূমি মন্ত্রণালয়ের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর



গত ১৩ ফেব্রুয়ারি ২০২২ তারিখে ডিপিডিসি ও ভূমি মন্ত্রণালয়ের মধ্যে নিবন্ধনের মাধ্যমে জমির দলিলের সঠিকতা যাচাইয়ের বিষয়ে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। এ সমঝোতা স্মারকের মাধ্যমে বিদ্যুৎ ব্যবস্থাপনায় ডিজিটাল প্রযুক্তি ব্যবহারের ক্ষেত্রে একধাপ এগিয়ে গেল ডিপিডিসি। সমঝোতা স্মারকের আওতায় ডিপিডিসি বিদ্যুৎ সংযোগ প্রদানের ক্ষেত্রে ভূমি মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত ডেটাবেইজ থেকে বিদ্যুৎ সংযোগের জন্য আবেদনকৃত জমির দলিল ও নামজারির সঠিকতা, জমি মালিকের নাম, মিউটেশনের কেস নম্বর, মিউটেশনের বছর, মৌজা, খতিয়ান, দাগ নম্বর প্রভৃতি সম্পর্কিত তথ্য যাচাই করতে পারবে। এবং ভূমি মন্ত্রণালয় ডিপিডিসি'র ডেটাবেইজ থেকে গ্রাহকের বিদ্যুৎ সংযোগের ধরন সম্পর্কিত তথ্য জানতে পারবে। ভূমি মন্ত্রণালয়ের পক্ষে প্রদীপ কুমার দাস, অতিরিক্ত সচিব এবং ডিপিডিসি'র পক্ষে কোম্পানি সচিব মোঃ আসাদুজ্জামান সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। এসময় ভূমি মন্ত্রণালয়ের সচিব মোঃ মোস্তাফিজুর রহমান পিএএ, ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান সহ ভূমি মন্ত্রণালয় ও ডিপিডিসি'র ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

**সম্পাদক : শামীমুল হক শামীম**, উপ-মহাব্যবস্থাপক, পাবলিক রিলেশন্স, ডিপিডিসি

সহ-সম্পাদক : ইসতিয়াক আহম্মেদ, এসিস্ট্যান্ট ম্যানেজার, ডিপিডিসি, মো. মাজহারুল ইসলাম, জুনিয়র এসিস্ট্যান্ট ম্যানেজার, ডিপিডিসি। আলোকচিত্র : কে এম দুলাল। গ্রাফিক্স ডিজাইন : সাকিবুল বাশার।

ফোন : ৯৫১৩৮৯৪, ৯৫১৪৯৪৯, Website: www.dpdc.gov.bd, E-mail : dgmhrpr@dpdc.org.bd, ডিপিডিসি'র জনসংযোগ দপ্তর, বিদ্যুৎ ভবন, ১ আবদুল গনি রোড, ঢাকা কর্তৃক প্রকাশিত ও প্রচারিত।